


| | | |
|--------------------------|---|--|
| সভাপতি | : | জনাব হোসেন আরা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল। |
| সভার তারিখ ও সময় | : | ২৩ ফেব্রুয়ারি ২০২২, বেলা ৩:৩০ টা। |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট "ছক ক" |

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উক্ত সভা পরিচালনার জন্য সভাপতি মহোদয় উপজেলা স্বাস্থ্য ও প:প:কর্মকর্তা, দেলদুয়ার, টাঙ্গাইলকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা স্বাস্থ্য ও প:প:কর্মকর্তা, দেলদুয়ার, টাঙ্গাইল আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয় সভায় উপস্থাপন করেন।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|--|---|--|--|
| ১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন ও দৃষ্টিকরণ। | সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং আলোচনা করা হয়। | আলোচনান্তে পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃষ্টিকরণ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প:কর্মকর্তা |
| বিভাগীয় কার্যক্রম পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ : | | | | |
| ২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প:প:কর্মকর্তা সভায় জানান যে, বর্ধিবিভাগ : ১৩১৯৪ জন রোগীর (ইউএইচসি ও ইউএসসিসহ) সেবা প্রদান করা হয়েছে। জরুরী বিভাগ : ৬৮০ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। যক্ষা ও কুষ্ঠ বিভাগ : ২১৫ জন রোগীর কফ পরীক্ষা করা হয়েছে এবং ১৫ জন যক্ষা রোগী নির্ময় ও চিকিৎসার আওতায় আনা হয়েছে। প্যাথলজি বিভাগ : মোট পরীক্ষাকৃত রোগীর সংখ্যা-৫১৯ জন, মোট পরীক্ষা বাবদ আয়-১৭,১৫০/- টাকা, এ্যাম্বুলেন্স থেকে আয় -১৩৪৪০/- টাকা, | দাণ্ডরিক কার্যক্রম অব্যাহত রাখাসহ পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প:কর্মকর্তা |
| ৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারি/২২ হতে নতুন করে দম্পতি রেজিস্ট্রেশনের কাজ চলছে। লাউহাটী ইউনিয়নে পরিবার পরিকল্পনা অধিদপ্তরধীন কোন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র না থাকায় উক্ত ইউনিয়নে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণের প্রস্তাব পাওয়ায় কমপক্ষে ৩০ শতাংশ জমি বরাদ্দের প্রয়োজন। এ বিষয়ে লাউহাটী ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের সঙ্গে আলোচনা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে লাউহাটী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণের নিমিত্তে ৩০ শতাংশ জমি বরাদ্দ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য লাউহাটী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প. প. কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান |
| ৪ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২১ খ্রি: মাসের বিভাগীয় কাজের অংশ হিসেবে গবাদিপশুর চিকিৎসা প্রদান ১২২৪টি, হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান ১৭৮৬০টি, গবাদিপশুর টিকা প্রদান-১৩৬২ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান- ৩৮০০০ মাত্রা, কৃত্রিম প্রজনন ৭৫১টি। অত্র উপজেলায় বিভিন্ন বেসরকারী গবাদিপশু ও হাঁস-মুরগীর খামার হতে ৭,১৫,০০০ টি ডিম, মাংস উৎপাদন ০.০১৫ লক্ষ মে:টন, দুধ উৎপাদন ০.০২৬ লক্ষ মে:টন। এছাড়া | দাণ্ডরিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা দেলদুয়ার টাঙ্গাইল। |

| ক্রম নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|------------|---|---|--|---------------------------------|
| | | টিকাবীজ বিক্রয় ৭,৬৫০/- এবং কৃত্রিম প্রজনন ফি ২২,৫৩০/- টাকা সরকারী কোথাগারে জমা প্রদান করা হয়েছে। | | |
| ৫ | চেয়ারম্যান আঢ়িয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, আঢ়িয়া ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে বিভিন্ন রাস্তাগুলো অতিব জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য সভায় উপস্থাপন করেন। | পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান আঢ়িয়া ইউপি। |
| ৬ | সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার। | সভাপতি ও ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ দেলদুয়ার তাঁর সমাপনী বক্তব্যে বলেন আমরা সকলেই স্ব-স্ব দায়িত্ব যথাযথভাবে পালন করবো। সংশ্লিষ্ট সকলের আন্তরিকতা, দক্ষতা ও নিবিড় তদারকির মাধ্যমে উন্নয়ন কাজের গুণগতমান নিশ্চিত করার আহ্বান জানান। এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়। | সভায় বিস্তারিত আলোচনাতে এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয় হয়। | সংশ্লিষ্ট বিভাগ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।


(হোসনে আরা আক্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি
দেলদুয়ার, টাঙ্গাইল।

তারিখ ২৫/০২/২০২১ খ্রি:

স্মারক নং- ০৫.৩০.৯৩২৩.০০০.০৬.০০৩-১৭-৪৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৩। উপজেলা প্রকৌশলী, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৪।..... অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।



(হোসনে আরা আক্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি
দেলদুয়ার, টাঙ্গাইল।